

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.৭৫.০০১.২২.১০

তারিখ: ৩ বৈশাখ ১৪৩০

১৬ এপ্রিল ২০২৩

বিষয়: আমন সংগ্রহ/২০২২-২৩ মৌসুমে সংগৃহীত ধান দ্রুত ছাঁটাই সম্পন্নকরণ

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ আমন সংগ্রহ-২০২২-২৩ এর কার্যক্রম গত ০৭.০৩.২০২৩ খ্রি: তারিখে সমাপ্ত হয়েছে। এমআইএসএন্ডএম বিভাগ থেকে প্রকাশিত ১৩.০৪.২০২৩খ্রি. তারিখের দৈনিক প্রতিবেদনে দেখা যায় যে, সারা দেশে খাদ্য গুদামে ধানের মজুত ১,০০১ মে: টন যার বিভাগভিত্তিক বিবরণ নিম্নরূপ:

ক্রমিক নং	বিভাগ	মজুদকৃত ধান (মে: টনে)
১।	ঢাকা	২৭৩
২।	ময়মনসিংহ	০
৩।	রাজশাহী	৬
৪।	রংপুর	০
৫।	চট্টগ্রাম	১৫৮
৬।	সিলেট	২৫
৭।	খুলনা	১
৮।	বরিশাল	৫৩৮
সর্বমোট=		১০০১

আসন্ন অভ্যন্তরীণ বোরো সংগ্রহ, ২০২৩ মৌসুম আগামী ৭ মে, ২০২৩ থেকে শুরু হবে। অদ্য ১৬.০৪.২০২৩ খ্রি. তারিখে খাদ্য অধিদপ্তরে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গত আমন সংগ্রহ, ২০২২-২৩ মৌসুমে সংগৃহীত ধান দ্রুত ছাঁটাই সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়।

এমতাবস্থায়, স্ব স্ব বিভাগের সংশ্লিষ্ট জেলাসমূহে মজুতকৃত ১,০০১ মে.টন ধান অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ মোতাবেক আগামী ০৬.০৫.২০২৩ খ্রি. তারিখের মধ্যে ছাঁটাই কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

১৬-৪-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,

ঢাকা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯২.৭৫.০০১.২২.১০/১(১১)

তারিখ: ৩ বৈশাখ ১৪৩০
১৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।



১৬-৪-২০২৩

রেজা মোহাম্মদ মহসিন
পরিচালক (ভারপ্রাপ্ত)